ভোরের কাগজ

তারিখ ... 26 MAY 19[illegible] ..
পৃষ্ঠা ২ কলাম ৫ ..

65

ছাত্রলীগের বর্জন

# ঢা. বি. পরিবেশ পরিষদের সভা কোনো সিদ্ধান্ত ছাড়াই মুলতবি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** কোনো সিদ্ধান্ত ছাড়াই গতকল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের সভা মুলতবি ঘোষণা করা হয়েছে। সভার শুরুতে সরকারসমর্থক ছাত্র সংগঠন ছাত্রলীগ সভা বর্জন করায় সভায় বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হলেও কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

গতকাল দুপুর সাড়ে ১২ টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে সভা শুরু হয়। সভার শুরুতে ছাত্রলীগ নেতারা বলেন, তারা পার্থ হত্যার আসামিদের সঙ্গে কোনো আলোচনায় বসবে না। এই সভায় পার্থ হত্যার আসামি থাকায় তারা সভা বর্জন করবে।

এ সময় ছাত্রদলের নেতারা বলেন, ছাত্রলীগ ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সভাপতি, সাধারণ সম্পাদকসহ কেন্দ্রীয় নেতাদের নামে পার্থ হত্যার আসামি করে মামলা দায়ের করেছে। আসামি হলেই দোষী হয়ে যায় না। দোষী সাব্যস্ত করবে আদালত। তারা ছাত্রলীগের নেতাদের সভায় উপস্থিত থাকার আহ্বান জানান। এনিয়ে আলোচনার এক পর্যায়ে ছাত্রলীগ নেতারা সভা বর্জন করে।

ছাত্রলীগ সভা বর্জন করার পর ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ উন্নয়ন, সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনা আচরণবিধি প্রণয়ন এবং ডাকসুর সংবিধান সংশোধন বিষয়ে আলোচনা হয়। সভায় উপাচার্য বলেন, বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হলেও এসভায় কোনো সিদ্ধান্ত নেওয়া হবে না।